

## বিউবো'র ফেসবুক পেইজ সংক্রান্ত বিশেষ বিজ্ঞপ্তি

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নাম ও মনোগ্রামের অনুকরণে একাধিক ভুয়া ফেসবুক পেইজ ব্যবহৃত হচ্ছে। এসব ফেসবুক পেইজের সঙ্গে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ন্যূনতম কোনো সংশ্লিষ্টতা নাই।

বিভ্রান্তি ছড়াতে এ ধরনের পেইজগুলো বিউবো'র অফিসিয়াল পেইজের কনটেন্ট নিজেদের পেইজে শেয়ার করে থাকে। আবার কিছু কিছু পেইজে অশ্লীল বা অনাকাঙ্ক্ষিত কনটেন্টও শেয়ার করা হয়।

উল্লেখ্য, বিউবো'র 'Bangladesh Power Development Board - BPDB' ব্যতীত আর কোনো অফিসিয়াল ফেসবুক পেইজ নাই।

এ বিষয়ে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল কর্মকর্তা-কর্মচারী এবং সম্মানিত গ্রাহকবৃন্দসহ সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

**বিঃ দ্রঃ** বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের নাম ও মনোগ্রামের অনুকরণে ফেসবুক পেইজ খোলা বা ব্যবহার করা শাস্তিযোগ্য অপরাধ। এ ধরনের অপরাধমূলক কর্মকাণ্ড থেকে বিউবো'র কর্মরত ও অবসরপ্রাপ্ত সকল কর্মকর্তা-কর্মচারীদের বিরত থাকার জন্য নির্দেশক্রমে সতর্ক করা যাচ্ছে। কোনো কর্মকর্তা বা কর্মচারী এরূপ কার্যক্রমের সঙ্গে সংযুক্ত হলে সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।